প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশে ‘ক্লাইমেট এন্ড হেলথ ইনোভেশান হাব (সিএইচআইবি)’ চালু করেছে অসংক্রামক রোগ নিয়ন্ত্রণ প্রোগ্রাম (এনসিডিসি)

ঢাকা, বাংলাদেশ, ৫ মার্চ ২০২৪: স্বাস্থ্য অধিদপ্তরের (ডিজিএইচএস) অসংক্রামক রোগ নিয়ন্ত্রণ (এনসিডিসি) প্রোগ্রাম, এবং সচিবালয় হিসাবে আইসিডিডিআর,বির সমন্বয়ে আজ আনুষ্ঠানিকভাবে বাংলাদেশে ক্লাইমেট এন্ড হেলথ ইনোভেশান হাব (সিএইচআইবি) চালু হয়েছে। এই উদ্যোগটির উদ্দেশ্য হলো স্থানীয় নেতৃত্বের অধীন যেসকল জলবায়ু পরিবর্তন উপযোগী উদ্যোগ নেয়া হয়েছে তার ডকুমেন্টেশন, উন্নয়নের পাশাপাশি এসকল উদ্যোগের প্রচারণা করা। স্বাস্থ্য এবং এর সাথে সংশ্লিষ্ট সম্পর্কিত বিষয়, যেমন জলবায়ু-স্থিতিস্থাপক বাসস্থান তৈরি, জলবায়ু-অন্তর্ভুক্ত ওয়াশ (ওয়াটার, স্যানিটেশন, এবং হাইজিন), এবং জলের লবণাক্ততার সমস্যা মোকাবেলা নিয়েও আলোচনা করা হবে এতে। অনুষ্ঠানটি ঢাকার গুলশান এভিনিউয়ের লেকশোর হাইটসে অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে "বাংলাদেশে ক্লাইমেট এন্ড হেলথ ইনোভেশান হাব চালু করা: জলবায়ু পরিবর্তনের কেন্দ্রে মানুষের স্বাস্থ্যকে রাখা" শীর্ষক একটি কর্মশালার আয়োজন করা হয়। এই অনুষ্ঠানে অংশগ্রহন করেছেন বিভিন্ন অংশীদার সরকারি প্রতিষ্ঠান ও সংস্থা, উন্নয়ন সংস্থা এবং এনজিওর বিশেষ ব্যাক্তিবর্গ। অনুষ্ঠানে ক্লাইমেট এন্ড হেলথ ইনোভেশান হাব (সিএইচআইবি) গঠন এবং ভবিষ্যত দিক-নির্দেশনার জন্য স্টেকহোল্ডারদের মধ্যে গুরুত্বপূর্ণ আলোচনা হয়েছে।

এনসিডিসি, ডিজিএইচএসের ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার, ডাঃ নুসায়ের চৌধুরী, স্বাগত বক্তব্যের মাধ্যমে কর্মশালার কার্যক্রমের সূচনা করেন। আগত অতিথিদের পরিচয় পর্ব সমাপ্তির পর আইসিডিডিআর, বি এর সহকারী বিজ্ঞানী, ড. ফারজানা জাহান, ‘ক্লাইমেট চেঞ্জ অ্যান্ড হেলথ ইনোভেশন হাব: বাংলাদেশে জলবায়ু পরিবর্তন মোকাবেলায় উদ্ভাবন কেন্দ্রিক গবেষণার প্রয়োজনীয়তা’ নিয়ে আলোচনা করেন। এছাড়া, এনসিডিসি-র প্রোগ্রাম ম্যানেজার, ডাঃ অসীম চক্রবর্তী, বাংলাদেশের অসংক্রামক রোগের বর্তমান এবং ভবিষ্যত রূপরেখা নিয়ে আলোচনা করেন এবং পরিবর্তনশীল জলবায়ু পরিস্থিতির কারণে মানব স্বাস্থ্য কিভাবে ঝুঁকির সম্মুখীন হচ্ছে – সে বিষয়ে বক্তব্য প্রদান করেন। রিজিওনাল ইন্টিগ্রেটেড মাল্টি-হ্যাজার্ড আর্লি ওয়ার্নিং সিস্টেম (রাইমস), বাংলাদেশ, থেকে সজিব হাসান বাংলাদেশে জলবায়ু পরিবর্তনের ধারাবাহিকতার বর্তমান এবং ভবিষ্যতের সম্ভাব্য চিত্র এবং জলবায়ু পরিবর্তনের কারণে সৃষ্ট প্রতিবিন্ধকতা সমূহ তুলে করেন ।

এনসিডিসি, ডিজিএইচএস-এর লাইন ডিরেক্টর, অধ্যাপক ডাঃ মো. রোবেদ আমিন ক্লাইমেট চেঞ্জ ইনোভেশন হাবের আনুষ্ঠানিক উদ্বোধন ঘোষণা করেন। তিনি এই উদ্যোগকে অভিনন্দন জানিয়ে বলেন, “সকল স্টেকহোল্ডার একই অবস্থানে আছেন তা নিশ্চিত করার জন্য আমাদের এ ধরনের একটি হাবের প্রয়োজন ছিল। এর ফলে এখন থেকে আমরা তথ্য বিনিময় করার পাশাপাশি নতুন গবেষণার সুযোগ এবং সক্ষমতা তৈরি করতে পারব”।

কর্মসূচির একটি মূল অংশ ছিল প্রাণবন্ত আলোচনা, যার লক্ষ্য ছিল জলবায়ু পরিবর্তন এবং স্বাস্থ্য সমস্যাগুলো মোকাবেলার জন্য বিভিন্ন সুপারিশ তুলে ধরা। পাশাপাশি, বর্তমানে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় এবং সুযোগগুলি সমন্বিত করাও ছিলো এই আলোচনার উদ্দেশ্য। এই অংশটি পরিচালনা করেন এনসিডিসি, আইসিডিডিআর,বি এবং রাইমস এর বিশেষজ্ঞ প্রতিনিধিগণ, এবং প্রতি গ্রুপ থেকে

একজন প্রতিনিধি তাদের আলোচনার সারমর্ম উপস্থাপন করেন। ড. মাহবুবুর রহমান, প্রজেক্ট কো-অরডিনেটর এন্ড লীড, এনভারনমেন্টাল হেলথ এন্ড ওয়াশ, আইসিডিআর,বি স্টেকহোল্ডারদের কাছ থেকে উঠে আসা আলোচনা ও সুপারিশ এবং কিভাবে বিভিন্ন ক্ষেত্রের সম্পৃক্ততাকে আরো ফোকাস করা যায় তা তুলে ধরেন।

ডাঃ মিজানুর রহমান, যুগ্ম সচিব, দূর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রনালয়, কে জে এম আব্দুল আউয়াল, পরিচালক, হর্টিকালচার উইং,কৃষি সম্প্রসারণ, মোঃ আজিজুর রহমান, পরিচালক, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর অনুষ্ঠানটিতে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। মোঃ মিজানুর রহমান বলেন, “যদি প্রয়োজন হয়, তাহলে মন্ত্রনালয় এই হাবকে সফল করার জন্য উপদেষ্টা সমর্থনসহ সব ধরনের সহায়তা প্রদান করবে।”

ড. সারা সলওয়ে, ডিরেক্টর, হেলথ সিস্টেমস অ্যান্ড পপুলেশন স্টাডিজ ডিভিশন, আইসিডিডিআর,বি বলেন, “এই হাব উদ্বোধন ও ওয়ার্কশপ বাংলাদেশে জলবায়ু পরিবর্তনের কারণে সৃষ্ট জরুরি স্বাস্থ্য চ্যালেঞ্জ মোকাবেলায় বৈচিত্র্যময় দক্ষতা এবং সংস্থানকে একত্রিত করার জন্য একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ পদক্ষেপে। এখান থেকে পাওয়া বিভিন্ন অন্তর্দৃষ্টি এবং সহযোগিতা জলবায়ু চ্যালেঞ্জগুলির সাথে খাপ খাইয়ে নিতে এবং স্বাস্থ্যসেবায় স্থিতিস্থাপকতা তৈরি করতে আমাদের চলমান প্রচেষ্টার জন্য গুরুত্বপূর্ণ।”

ক্লাইমেট অ্যান্ড হেলথ ইনোভেশন হাবের লক্ষ্য হল অতীতের তথ্য ও সম্পদের আদান-প্রদান ও ব্যবহার নিয়ে সৃষ্ট সীমাবদ্ধতাগুলোর বিভিন্ন বিভাগের সমন্বয়ের মাধ্যমে সমাধান করা। কারণ এই সকল সীমাবদ্ধতা সাধারণ জনগোষ্ঠীর জলবায়ু-সম্পর্কিত স্বাস্থ্য তথ্য এবং সহনশীল কৌশলগুলো জানার ক্ষেত্রে বাঁধা তৈরি করছে। তাছাড়াও, গ্লোবাল ক্লাইমেট রিস্ক ইনডেক্স ২০২০ অনুযায়ী বাংলাদেশ সপ্তম ঝুঁকিপূর্ণ দেশ হিসেবে চিহ্নিত হয়েছে, যা এই ধরনের উদ্যোগের প্রয়োজনীয়তা নির্দেশ করে।

আজকের সেমিনারের এই সফল সমাপ্তি, জলবায়ু পরিবর্তন মোকাবিলায় একটি সহনশীল এবং ভবিষ্যৎ স্বাস্থ্য-সচেতন বাংলাদেশের যাত্রায় উল্লেখযোগ্য মাইলফলক হিসাবে বিবেচিত হবে।

‘ক্লাইমেট অ্যান্ড হেলথ ইনোভেশন হাব’ উদ্যোগটি দ্য রকফেলার ফাউন্ডেশন, ফাউন্ডেশন এস - দ্য সানোফি কালেক্টিভ, এমরি ইউনিভার্সিটি, ইনস্টিটিউট ফর সাসটেইনেবল ফিউচার এবং রাইমস দ্বারা সমর্থিত। এছাড়া উন্নয়ন সহযোগী হিসেবে আছে নন কমিউনিকেবল ডিজিজ কন্ট্রোল (এনসিডিসি), স্বাস্থ্য অধিদপ্তর (ডিজিএইচএস) এবং বিভিন্ন সংস্থার জনস্বাস্থ্য বিশেষজ্ঞগণ, যেমন, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (এমওডিএমআর), বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট (বিসিসিটি), পরিবেশ অধিদপ্তর (ডিওই), নিপসম, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউট (আইইডিসিআর), বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর (বিএমডি) ইত্যাদি এই অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। ইউনাইটেড পারপাস, অ্যাকশন অ্যাগেইনস্ট হাঙ্গার (এসিএফ), সেন্টার ফর এনভায়রনমেন্টাল অ্যান্ড জিওগ্রাফিক ইনফরমেশন সার্ভিসেস (সিইজিআইএস), ইন্টারন্যাশনাল সেন্টার ফর ক্লাইমেট চেঞ্জ অ্যান্ড ডেভেলপমেন্ট (আইসিসিএডি), ফ্রেন্ডশিপ, প্রভা অরোরা, শক্তি ফাউন্ডেশন, ব্র্যাক, সেন্টার ফর ইনজুরি প্রিভেনশন অ্যান্ড রিসার্চ বাংলাদেশ (সিআইপিআরবি), এআরকে ফাউন্ডেশন, ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ, কনসার্ন ওয়ার্ল্ডওয়াইড, ফরেন, কমনওয়েলথ অ্যান্ড ডেভেলপমেন্ট অফিস (এফসিডিও) এবং আইসিডিডিআর,বি সংগঠনের প্রতিনিধি এবং কর্মকর্তারা উপস্থিত ছিলেন যা কর্মশালার সার্বিক অগ্রগতিতে সহযোগিতামূলক ভূমিকা পালন করে।

##

সম্পাদক বরাবর

আইসিডিডিআর,বি বাংলাদেশে অবস্থিত একটি আন্তর্জাতিক জনস্বাস্থ্য গবেষণা প্রতিষ্ঠান। ১৯৬০ সালে প্রতিষ্ঠিত হওয়া প্রতিষ্ঠানটি দারিদ্র্যের মধ্যে বসবাসকারী জনগণের প্রধান স্বাস্থ্য সমস্যাগুলোর স্বল্প খরচে সমাধান উদ্ভাবনের ক্ষেত্রে অগ্রগণ্য ও বৃহৎ পরিসরে তাদের কার্যকারিতার দৃঢ় প্রমাণ রেখে যাচ্ছে। আইসিডিডিআর,বি গবেষণা ও চিকিৎসার মাধ্যমে জীবনরক্ষাকারী পরিষেবা প্রদান এবং বিশ্বের গুরুতর জনস্বাস্থ্য সংক্রান্ত উদ্বেগগুলির সমাধান করে যাচ্ছে।

আরও তথ্য পেতে যোগাযোগ করুন:

(এনসিডিসি, ডিজিএইচএস থেকে)
ডাঃ নুসায়ের চৌধুরী
ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার, এনসিডিসি, ডিজিএইচএস
ফোন: +৮৮০১৭১৬৬১০১৫৩
ইমেইল: nusaerchowdhury@gmail.com

(আইসিডিডিআর,বি থেকে)
ডাঃ ফারজানা জাহান
সহকারী বিজ্ঞানী, এনভায়রনমেন্টাল হেলথ এন্ড ওয়াশ
ফোন: +৮৮০-২-২২২২৭৭০০১-০১ এক্স ৪০১৭
মোবাইল: +৮৮০১৬১০২০০৭০৭
ইমেইল: farjana.jahan@icddrb.org

# #